



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মোংলা কাস্টমস হাউস, মোংলা।  
[নিলাম শাখা]

নথি নং-এস/১৪/সিআর/নিলাম/মংলা/১৫-১৬/ ২০৬০ ( )

তারিখঃ  
28 APR 2025

বিষয়ঃ নিলামকারী নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

এ পত্রের সাথে সংযুক্ত বিজ্ঞপ্তিটি মোংলা কাস্টমস হাউস, মোংলা এর অধীনে সরকারি নিলামকারী নিয়োগের লক্ষ্যে আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকার ভিতরের পৃষ্ঠায় ৩ কলামে ৯ ইঞ্চিতে সাদা-কালো রং এ আগামী ০৪/০৫/২০২৫ খ্রি. তারিখের পূর্বে এক দিনের জন্য প্রকাশপূর্বক প্রকাশিত বিজ্ঞপ্তির ০২ (দুই) টি সৌজন্য সংখ্যা এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি প্রকাশিত বা নিয়োগ বিজ্ঞপ্তি ০১ (এক) পাতা।

Rubel  
28.04.25

(মোঃ রুবেল হাসান)  
সহকারী কমিশনার  
কমিশনারের পক্ষে

প্রাপকঃ

- ০১। সম্পাদক, দি ডেইলি স্টার, ৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম, এভিনিউ, ঢাকা-১২১৫ (ভিতরের পাতায় প্রকাশের অনুরোধসহ)।
- ০২। সম্পাদক, দৈনিক ইত্তেফাক, ৪০, করওয়ান বাজার, ঢাকা-১২১৫ (ভিতরের পাতায় প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। সম্পাদক, দৈনিক প্রবাহ, ০৩ কে.ডি.এ এভিনিউ, খুলনা (ভিতরের পাতায় প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (বিজ্ঞপ্তিটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। সহকারী প্রোগ্রামার, মোংলা কাস্টম হাউস, মোংলা (আপনাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৬। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মোংলা কাস্টমস হাউস, মোংলা  
[নিলাম শাখা]

নথি নং-এস/১৪/সিজার/নিলাম/মংলা/১৫-১৬/ ২০৬০

তারিখ: 28 APR 2025

**নিলামকারী নিয়োগ বিজ্ঞপ্তি**

মোংলা কাস্টমস হাউস, মোংলা, বাগেরহাট এর নিয়ন্ত্রণাধীন কাস্টমস গুদাম, প্রিভেন্টিভ ইউনিট এবং মোংলা বন্দর জেটিতে রক্ষিত অখালাসকৃত বিভিন্ন প্রকার গাড়ী ও নিলামযোগ্য অন্যান্য মালামাল নিলামে বিক্রয়ের জন্য নিলামকার্য পরিচালনার লক্ষ্যে নিলামকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হবে। সে লক্ষ্যে নিলামকারী হিসেবে নিয়োগে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা হচ্ছে। আগামী ০৪/০৫/২০২৫ খ্রি. থেকে ২৫/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ৩০০০/- (তিন হাজার) টাকা [অফেরতযোগ্য] ট্রেজারী চালানোর মাধ্যমে ১-১১৩১-০০১৫-০৪২১ অর্থনৈতিক কোডে জমা প্রদানপূর্বক চালানোর মূলকপি দাখিল করে দরপত্র/টেন্ডার ফরম সংগ্রহ করা যাবে।

- ০২। নিলামকারী হিসেবে নিয়োগের যোগ্যতা :  
(ক) নিলামকারী প্রতিষ্ঠান হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।  
(খ) প্রতিষ্ঠানের প্রধান/স্বত্বাধিকারীকে কমপক্ষে এইচ.এস.সি পাস হতে হবে।
- ০৩। টেন্ডার ফরম/দরপত্রের সাথে নিম্নোক্ত দলিলাদি আবশ্যিকভাবে দাখিল করতে হবে :  
(ক) ১৩ ডিজিটের মুসক নিবন্ধন সনদপত্র (হালনাগাদ রিটার্ন দাখিলের প্রমাণকসহ)।  
(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।  
(গ) টিআইএন সনদপত্র (হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রমাণকসহ)।  
(ঘ) নিলামকারী হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদ প্রদানকারী দপ্তরের স্মারক সংখ্যাসহ থাকতে হবে।  
(ঙ) ব্যাংক সলভেন্সি সনদপত্র।  
(চ) স্বত্বাধিকারী/অংশীদার/পরিচালকগণের জাতীয় পরিচয়পত্র।  
(ছ) স্বত্বাধিকারীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।  
(জ) চারিত্রিক সনদপত্র ও নাগরিকত্ব সনদপত্র।  
(ঝ) কমিশনার, মোংলা কাস্টমস হাউস, মোংলা এর অনুকূলে জামানত হিসাবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার পে-অর্ডার।  
(ঞ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রসিদ ছবি।  
সকল দলিলাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ০৪। নিলামকারী হিসেবে পূর্বে দায়িত্ব পালনকালে কোন প্রকার অনিয়মিত অনিয়মের প্রমাণ এবং বর্তমান নিলামকারী হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে কোন মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রভাবিত করার প্রচেষ্টা, কোন অসত্য/জাল দলিলাদি দাখিল করলে নিলামকারী হিসেবে নিয়োগের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং দাখিলকৃত জামানত বাজেয়াপ্তসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৫। যথাযথভাবে পূরণকৃত টেন্ডার ফরম/দরপত্র ও উপরোল্লিখিত অন্যান্য দলিলাদিসহ নিলামকারী হিসেবে আবেদন করতে হবে। দলিলাদিসহ যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র/দরপত্র কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা; কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা; কাস্টমস হাউস, চট্টগ্রাম এবং কাস্টমস হাউস, মোংলায় রক্ষিত টেন্ডার বক্সে আগামী ২৬/০৫/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০:৩০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে। ২৮/০৫/২০২৫ খ্রি. তারিখ অপরাহ্ন ১৫:০০ ঘটিকায় টেন্ডার বক্স আবেদনকারী/টেন্ডার দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে কমিশনার, কাস্টমস হাউস, মোংলায় অনুকূলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার নিরাপত্তা জামানত জমা রাখতে হবে।
- ০৭। নির্ধারিত তারিখ ও সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর কোন টেন্ডার ফরম/দরপত্র/আনুষঙ্গিক দলিলাদি গ্রহণ করা হবে না।
- ০৮। অসম্পূর্ণ দরপত্র/আবেদন নিলামকারী হিসেবে নিয়োগ ল্যান্ডের ক্ষেত্রে অযোগ্য হিসেবে গণ্য হবে।
- ০৯। কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

Rubel  
27.04.25

(মোঃ রুবেল হাসান)

সহকারী কমিশনার

কমিশনারের পক্ষে

মোংলা কাস্টমস হাউস, মোংলা।